

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৩৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (১৭) সালাত দ্বিতীয়বার আদায় করা

### 17 - بَابُ إِعَادَةِ الصَّلَاةِ

আরবী

2389 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ الْقَيْسِيُّ قَالَ: حَدَّثَنَا هَمَامُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ الْمُعَلِّمِ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ أَنَّهُ رَأَى ابْنَ عُمَرَ جَالِسًا بِالْبَلَّاطِ وَالنَّاسُ يُصَلُّونَ فَقُلْتُ: مَا يُجْلِسُكَ وَالنَّاسُ يُصَلُّونَ؟ قَالَ: إِنِّي قَدْ صَلَّيْتُ وَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَانَا أَنْ نُعِيدَ صَلَاةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ  
الراوي : سُلَيْمَانُ بْنُ يَسَارٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :  
التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 2389 | خلاصة حكم المحدث : حسن صحيح - ((صحيح أبي داود)) (592).

قَالَ أَبُو حَاتِمٍ: عَمْرُو بْنُ شُعَيْبٍ فِي نَفْسِهِ ثِقَةٌ يُحْتَجُّ بِخَبَرِهِ إِذَا رَوَى عَنْ غَيْرِ أَبِيهِ فَأَمَّا رِوَايَتُهُ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ فَلَا تَخْلُو مِنْ انْقِطَاعٍ وَإِرْسَالٍ فِيهِ فَلِذَلِكَ لَمْ نَحْتَجَّ بِشَيْءٍ مِنْهُ.

বাংলা

২৩৮৯. সুলাইমান বিন ইয়াসার থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহুমা কে (মসজিদে নববীর কাছাকাছি) বালাত নামক জায়গায় দেখলেন বসে আছেন আর লোকজন সালাত আদায় করছেন। তখন আমি তাঁকে বললাম, “আপনাকে কীসে বসে রেখেছে, অথচ লোকজন সালাত আদায় করছে?” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আমি সালাত আদায় করেছি। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে একদিনে দুইবার সালাত আদায় করতে নিষেধ করেছেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “আমর বিন শু‘আইব সত্তাগতভাবে নির্ভরযোগ্য রাবী। তার হাদীসের মাধ্যমে দলীল গ্রহণ করা হয়, যখন তিনি তার বাবা ছাড়া অন্যদের থেকে হাদীস বর্ণনা করেন। কিন্তু যে হাদীস তিনি বাবার মারফত দাদা থেকে বর্ণনা করেন, সেটির সানাদ বিচ্ছিন্নতা মুক্ত নয়। এজন্য এই ধরনের হাদীস দ্বারা

আমরা মোটেও দলীল গ্রহণ করি না।”

### ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৭৮-২৭৯; নাসাঈ: ২/১১৪; আবু দাউদ: ৫৭৯; তাবারানী: ১৩২৭০; দারাকুতনী: ১/৪১৫-৪১৬; সুনান বাইহাকী: ২/৩০৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৯২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91711>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন